

## ঢাকা ওয়াসা

০১/ ২০২৩- ২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়- পরিকল্পনার কপি  
 ০২/ ক্যালকুলেশন শীট  
 ০৬/ প্রস্তাবিত প্রাক্কলন

বিষয়ঃ “Construction of walkway for Patrolling of security purpose beside South Side boundary wall Ch.0+065 km to Ch. 0+100 km at Store Division Compound” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

## অনুচ্ছেদঃ ১.০

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাগলাস্থ ভান্ডার বিভাগটি ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, মডস জোন ও রাজস্ব জোনের কোটি কোটি টাকার মালামাল অত্র ভান্ডারে জমা রাখা হয়। ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামাল সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। ভান্ডার বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতি ভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে রাখা হয় এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা আকাশের নীচে রাখা হয়। প্রায় ৭ হেক্টর এলাকাজুড়ে বিস্তীর্ণ ভান্ডার বিভাগে রক্ষিত এই কোটি কোটি টাকার মালামাল সমূহের সার্বিক নিরাপত্তার দায়িত্বে ৯ জন স্বশস্ত্র আনসার ও ১২ জন G4S সর্বমোট ২১জন নিরাপত্তা কর্মী নিয়োজিত রয়েছে। উক্ত নিরাপত্তাকর্মীগণ শিফট ওয়াইজ ভান্ডার কম্পাউন্ডে সার্বক্ষণিক টহল দিয়ে থাকে। ঢাকা ওয়াসার পাগলাস্থ ভান্ডারের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পুরো কম্পাউন্ডটির ভেতরের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা প্রয়োজন। ইতোমধ্যে বেশ কিছু ওয়াকওয়ে নির্মাণ করা হয়েছে। পর্যায়ক্রমে ভেতরের চারপাশের পরিধি বরাবর ওয়াকওয়ে নির্মাণের পরিকল্পনা রয়েছে। তারই অংশ হিসেবে চলতি অর্থ বছরে “Construction of walkway for Patrolling of security purpose beside South Side boundary wall Ch.0+065 km to Ch. 0+100 km at Store Division Compound” শীর্ষক কাজটি করা হবে। উপরোক্ত বর্ণনার আলোকে ভান্ডারের নিরাপত্তার স্বার্থে বিষয়োক্ত কাজটি করা প্রয়োজন।

## অনুচ্ছেদঃ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে “Construction of walkway for Patrolling of security purpose beside South Side boundary wall Ch.0+065 km to Ch. 0+100 km at Store Division Compound” শীর্ষক কাজের জন্য ১টি প্রাক্কলন তৈরী করা হল (সংযুক্তি- ৩)। পিডব্লিউডি- ২০২২ সালের রেট সিডিউল অনুসরণে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে **৳ ৪,৯৩, ৯০০.০০ (চার লক্ষ তিরানব্বই হাজার নয়শত)** টাকা মাত্র। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৩- ২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় “থোক বরাদ্দ” এর আওতায় সম্পন্ন করা হবে (সংযুক্তি- ১, ক্রমিক নং- ৪৮)। উক্ত কাজের ব্যয় ভান্ডার বিভাগের ২০২৩- ২৪ অর্থ বছরের রাজস্ব বাজেটের “সীমানা প্রাচীর রক্ষণাবেক্ষণ খাত (কোড:০১- ০৪- ০০৫) □ হতে নির্বাহ করা হবে। কাজটি অতীব জরুরী ও স্থল মূল্যের বিধায় পিপিআর- ২০০৮ এর ৭৬(১) (ট) বিধি মোতাবেক দরপত্র আহবান ব্যতিরেকে সরাসরি চুক্তির আওতায় (DPM) পদ্ধতিতে ঠিকাদার “মেসার্স জোছনা ইন্টারন্যাশনাল” এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। আলোচ্য কাজটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

## অনুচ্ছেদঃ ১.২

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



(ক) ভান্ডার বিভাগের “Construction of walkway for Patrolling of security purpose beside South Side boundary wall Ch.0+65 km to Ch. 0+100 km at Store Division Compound”. শীর্ষক কাজের জন্য প্রাক্কলিত **৳ ৪,৯৩, ৯০০.০০ (চার লক্ষ তিরানব্বই হাজার নয়শত)** টাকা মাত্র অনুমোদন,

(খ) কাজটি অতীব জরুরী ও স্বল্প মূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৭৬(১) (ট) বিধি মোতাবেক দরপত্র আহবান ব্যতিরেকে সরাসরি চুক্তির আওতায় (DPM) পদ্ধতিতে ঠিকাদার “মেসার্স জোহনা ইন্টারন্যাশনাল” এর মাধ্যমে সম্পাদন করার অনুমোদন,


(গ) আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় “থোক বরাদ্দ” এর আওতায় ভান্ডার বিভাগের ২০২৩-২০২৪ আর্থ বছরের রাজস্ব বাজেটের “সীমানা প্রাচীর রক্ষণাবেক্ষণ খাত” (কোড:০১-০৪-০০৫) হতে নির্বাহ করার অনুমোদন।

①   
১৭/১২/২৬

মোঃ দেলোয়ার হোসাইন  
উপ-সহকারী প্রকৌশলী  
ভান্ডার বিভাগ  
ঢাকা ওয়াসা।


  
  
১৭.১২.২৩


(মোঃ ফটিক চাঁদ মিয়া)  
সহকারী প্রকৌশলী  
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

  
১৭.১২.২৬

(মোঃ হরোয়ার হোসেন খান)  
নির্বাহী প্রকৌশলী  
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

  
১৭/১২/২৬  
মোঃ ইকবাল আহমেদ মজুমদার  
উপ-সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)  
এম.এম.ডব্লিউ. সি সার্কেল,  
ঢাকা ওয়াসা।

  
১৭/১২/২৬  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা।

  
১৭/১২/২৩

প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন  
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)  
ঢাকা ওয়াসা।



  
১৭/১২/২০২৩